53

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 SEP 1994 ...
পৃষ্ঠা ৩ কলাম ২

লক্ষ্মীপুর জেলায় প্রাথমিক শিক্ষা

# ২ লক্ষাধিক ছাত্রের লেখাপড়া ব্যাহত

রায়পুর (লক্ষ্মীপুর) সংবাদদাতা ।। শিক্ষক স্বল্পতা, আসবাবপত্রের অভাব ও স্থানাভাবসহ নানাবিধ সমস্যাবলীর কারণে লক্ষ্মীপুর জেলার প্রাথমিক বিদ্যালয়গুলিতে সোয়া ২ লক্ষাধিক ছাত্র-ছাত্রীর লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হইতেছে।

রায়পুর ৮৪টি, লক্ষ্মীপুর সদর ২১৫টি, রামগতি ৯১টি ও রামগঞ্জ থানার ১২২টি নিয়া লক্ষ্মীপুর জেলায় মোট ৫১২টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বর্তমান ছাত্র-ছাত্রীর সংখ্যা হইতেছে ২ লক্ষ ২৫ হাজারের উপর। প্রয়োজনীয় শিক্ষকের অভাবে বিদ্যালয়গুলিতে লেখাপড়া সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হইতেছে। গত ২১ বৎসরে জেলায় প্রাথমিক শিক্ষকের পদ সৃষ্টি হয় মাত্র ৩৪টি। অথচ উক্ত সময়ে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধিসহ কয়েকগুণ ছাত্র ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাইয়াছে। রায়পুর থানার সিকদার কান্দি সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ বহু প্রাথমিক বিদ্যালয়ে বর্তমান শিক্ষকের সংখ্যা মাত্র ২ জন করিয়া।

কর্মরত শিক্ষকদের অনেকে বিলম্বে স্কুলে আসে বলিয়া কয়েকজন অভিভাবক জানায়। শিক্ষক স্বল্পতার মধ্যেও বর্তমানে ৭৮ জন শিক্ষকের পদ শূন্য অবস্থায় আছে।

(১০ম পৃঃ দ্রঃ)

## ২ লক্ষাধিক ছাত্রের

(৩য় পৃঃ পর)

জেলার অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে টুল টেবিল ব্লাকবোর্ডসহ প্রয়োজনীয় আসবাবপত্রের প্রকট অভাবের কারণে ছাত্র-ছাত্রীদের মেঝেতে অথবা টুলে গাদাগাদিভাবে বসিয়া লেখাপড়া করিতে হইতেছে। বহু বিদ্যালয়ের--আসবাবপত্র ভাঙ্গাচুরা।

দিন দিন ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বিদ্যালয়গুলিতে স্থান সঙ্কুলান হইতেছে না। ইহাতে অনেক বিদ্যালয়ের বারান্দায় লেখাপড়ার কাজ চালানো হইতেছে।

জেলায় শতাধিক বিদ্যালয়ের অবস্থা খুবই জরাজীর্ণ। বৃষ্টির কারণে ছাদ অথবা টিনের চালা দিয়া ঝর ঝর করিয়া পানি পড়ে।